22

দৈনিক ইনকিলাব

তারিখ 03 NOV 1996
পৃষ্ঠা ১ কলাম ৩

ছাত্র দলের ৩ নেতা গ্রেফতার ॥ ক্যাম্পাস উত্তপ্ত

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র দল-ছাত্র লীগের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ঃ গুলী

নিয়াজ পাশা ও শামসুল আলম খান (ময়মনসিংহ থেকে)ঃ গতকাল (শনিবার) ভোর রাতে পুলিশ জাতীয়তাবাদী ছাত্র দল বাকৃবি শাখার তিন জন নেতাকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতরা হচ্ছে— ছাত্র দলের সভাপতি হাসান জাফির তুহিন, বাকসু'র সাবেক সাধারণ সম্পাদক শামসুল আলম তোফা ও লিয়াকত আলী। পুলিশ জানিয়েছে, তাদের বিরুদ্ধে খুনসহ একাধিক মামলার গ্রেফতারী পরোয়ানা ছিল। জামিনে হাজিরা না দেয়ায় তাদের গ্রেফতার করা হয়।

জানা যায়, ভোর রাতে বিপুলসংখ্যক পুলিশ, বিডিআর শাহজালাল, শামসুল হক হল ও জনৈক শিক্ষকের বাসা থেকে তাদের গ্রেফতার করে। তাদের গ্রেফতারের পর পরই ছাত্র লীগ (শা-পা) কর্মীরা সভাপতি ছালাম, সাধারণ সম্পাদক চন্দন, সহ-সভাপতি আরিফের নেতৃত্বে মিছিল করে শামসুল হক হলে অবস্থান নেয়। ছাত্র দল প্রথমে সোহরাওয়ার্দী হলে ও পরে ঈশা খাঁ হলে অবস্থান নেয়। ছাত্র দল ক্যাম্পাসে মিছিল বের করলে ছাত্র লীগের মিছিলের সাথে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। এ সময় কয়েকজন প্রহৃত হয়। বিকালে ছাত্র লীগ মিছিল করে সোহরাওয়ার্দী হলের দিকে যেতে থাকলে ছাত্র দল বাধা দেয়। এ সময় ছয় রাউণ্ড গুলীর শব্দ শোনা যায়। পুলিশ ছাত্র দল কর্মীদের ধাওয়া করলে তারা হল ছেড়ে চলে যায়। এদিকে কর্তৃপক্ষ রবিবারের সকল পরীক্ষা স্থগিত করেছেন। ঘটনার সময় ২৩টি কক্ষ ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়।

ক্যাম্পাসে উত্তপ্ত অবস্থা বিরাজ করছে এবং পুলিশ মোতায়েন আছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ঘটনায় উদ্বেগ প্রকাশ করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে সকলের সহযোগিতা কামনা করেছেন। ছাত্র দলের নেতা-কর্মীদের দীর্ঘ পাঁচ বছর দখলে থাকার পর ক্যাম্পাস আবার ছাত্র লীগের নিয়ন্ত্রণে আসে। ছাত্র দল কর্তৃত্ব ফিরে পেতে চেষ্টা করছে বলে জানা গেছে।